# এশিয়া কাপ ফাইনালে ভারত, অলিখিত সেমিতে বাংলাদেশ-পাকিস্তান



সংগৃহীত ছবি

বাংলাদেশকে ৪১ রানে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে জায়গা পাকা করেছে ভারত। এর ফলে শ্রীলঙ্কার বিদায় নিশ্চিত হয়েছে টুর্নামেন্ট থেকে। আগামীকাল বাংলাদেশ-পাকিস্তান ম্যাচই নির্ধারণ করবে ফাইনালের অপর প্রতিদ্বন্দ্বী।

দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত সুপার ফোরের ম্যাচে দারুণ জয় পেয়েছে ভারত। বুধবার (২৪ সেপ্টেম্বর) টসে হেরে আগে ব্যাট করতে নেমে ১৬৮ রান তোলে তারা। ওপেনার অভিষেক শর্মা ৭৫ রানের ঝড়ো ইনিংস খেলে দলের ভিত্তি গড়ে দেন। হার্দিক পান্ডিয়া যোগ করেন ২৯ বলে ৩৮ রান। অন্যদের মধ্যে তিলক ভার্মা ৫ এবং আক্সার প্যাটেল ১০ রান করেন।

বাংলাদেশের বোলারদের মধ্যে রিশাদ হোসেন সবচেয়ে সফল ছিলেন—২৭ রানে নেন ২ উইকেট। তানজিম সাকিব, মোস্তাফিজুর রহমান ও সাইফুদ্দিন প্রত্যেকে একটি করে উইকেট দখল করেন।

LENS ASIA

টার্গেট তাড়া করতে নেমে শুরুতেই বিপর্যয়ে পড়ে বাংলাদেশ। নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে শেষ পর্যন্ত ১২৭ রানে থেমে যায় তাদের ইনিংস। দলের হয়ে একমাত্র লড়াই চালান সাইফ হোসেন। তিনি খেলেন ৫১ বলে ৬৯ রানের ইনিংস। বাকিদের ব্যাট ব্যর্থ হয়। ভারতের হয়ে কুলদ্বীপ যাদব ৩টি, বুমরাহ ও বরুন ২টি করে উইকেট নেন।

এ জয়ের ফলে ভারত সুপার ফোরে টানা দুই ম্যাচ জিতে ফাইনাল নিশ্চিত করেছে। অন্যদিকে বাংলাদেশ ও পাকিস্তানের রয়েছে সমান একটি করে জয়। তাই আগামীকাল বাংলাদেশ-পাকিস্তানের দ্বৈরথই কার্যত হয়ে উঠছে অলিখিত সেমিফাইনাল। যে দল জয় পাবে, তারাই মুখোমুখি হবে ভারতের সঙ্গে এশিয়া কাপের ফাইনালে।